দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 24 SEP 2007 ...
পৃষ্ঠা ২৬ কলাম ৭

৪৬ শিক্ষা

# মৌলভীবাজারের বিভিন্ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষক সংকট

॥ মৌলভীবাজার সংবাদদাতা ॥

জেলার উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলোতে বিজ্ঞান শিক্ষকের সংকট চলছে। ফলে বিজ্ঞান পড়ুয়া ছাত্র-ছাত্রীদের সংখ্যা দিন দিন কমে আসছে। যোগ্য শিক্ষক ও উপকরণের অভাবে এই সংকট দেখা দিয়েছে। মৌলভীবাজার সদর উপজেলায় মাধ্যমিক বিদ্যালয় আছে মোট ২৬টি। এইসব বিদ্যালয়ের মধ্যে বেশ কয়েকটিতে আদৌ কোন বিজ্ঞান বিভাগ নেই। শুধুমাত্র এক বিভাগ নিয়ে বিদ্যালয় চলে। বাদবাকী কোনটিতে বিজ্ঞান শিক্ষক নেই। কোনটিতে বিজ্ঞানাগার নেই। আবার কোনটিতে বিজ্ঞানের মূল বিষয় পদার্থ বিজ্ঞানের শিক্ষক নেই। এইসব বিদ্যালয়ে পদার্থ বিজ্ঞান পড়ানো হয় না। পদার্থ বিজ্ঞানের পরিবের্ত ছাত্র-ছাত্রীদের সমাজ বিজ্ঞান পড়ানো হয়।

যেসব বিদ্যালয়ে পদার্থ বিজ্ঞান পড়ানো হয় না সেগুলো হচ্ছে–কাশিনাথ আলাউদ্দিন উচ্চ বিদ্যালয় ও পৌরসভা আদর্শ উচ্চ বিদ্যালয়। বিজ্ঞান বিভাগে সবচাইতে বেশী খারাপ অবস্থা চলছে কাশিনাথ আলাউদ্দিন উচ্চ বিদ্যালয়ে। এই বিদ্যালয়ে বিষয়ভিত্তিক কোন শিক্ষক নেই। শুধু বিজ্ঞান বিভাগে ২ জন শিক্ষক আছে। পদার্থবিদ্যার কোন শিক্ষক নেই। বিজ্ঞানের ছাত্ররা পদার্থ বিজ্ঞান পড়তে চাইলে তাদের সমাজ বিজ্ঞান পড়ার পরামর্শ দেয়া হয়।

গত ২০০৪ সালে ২৬টি মাধ্যমিক বিদ্যালয় বিজ্ঞান বিভাগ থেকে এসএসসিতে অংশগ্রহণ করে ৩৫৪ জন আর গত ০৬ সালে অংশ নেয় ৩২৬ জন। এভাবে প্রতি বছরই বিজ্ঞান বিভাগ থেকে অংশগ্রহণ কমে আসছে। এ ব্যাপারে প্রধান শিক্ষকগণ এক সভায় অভিমত ব্যক্ত করে বলেন যে, গ্রামাঞ্চলের বিদ্যালয়গুলোতে কোন পূর্ণাঙ্গ বিজ্ঞান বিভাগ নেই। এইসব বিদ্যালয় খণ্ডকালীন বিজ্ঞান শিক্ষক রেখে পাঠদান দিয়ে থাকে। এছাড়া গ্রামাঞ্চলের বিদ্যালয়গুলোতে কোন বিজ্ঞানাগারও নেই। এইসব কারণে বিজ্ঞান পড়ুয়া ছাত্র-ছাত্রীদের সংখ্যা দিন দিন কমে আসছে।